**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**15 AUGUST 2024** **7:45 PM IST**

==========================================================

১) সমগ্র দেশে ৭৮ তম স্বাধীনতা দিবস পালন ।লালকেল্লা থেকে জাতির উদ্দেশ্যে ভাষনে প্রযুক্তিগত সামগ্রীর লভ্যতা বৃদ্ধির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার গুরুত্ব আরোপ করছে বলে প্রধানমন্ত্রীর প্রকাশ ।

২) সমগ্র রাজ্য জুড়ে স্বাধীনতা দিবস উদযাপন । বরাক উপত্যকার তিন জেলায় ও স্বাধীনতা দিবস পালন উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

৩) দেশের ৫ টি দ্রুত বিকশিত রাজ্যের মধ্যে আসাম অন্যতম বলে গৌহাটীতে আয়োজিত স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) কাছাড় জেলা কৃষকদের আর্থসামাজিক উন্নয়নে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব প্রদান করেছে বলে শিলচরে জাতীয় পতাকা উত্তোলন করে রাজ্যের শক্তি মন্ত্রী নন্দিতা গালোসার মন্তব্য ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বাধীনতার জন্য দেশবাসীর একতা ও ত্যাগে করা সংগ্রাম ও সংকল্পর মতোই আজ ১৪০ কোটি দেশবাসীর ঐক্যভাবে সেবার মাধ্যমে ২০৪৭ সালে বিকশিত ভারতের স্বপ্ন বাস্তবে পরিণত হবে বলে আস্থা প্রকাশ করেছেন ।স্বাধীনতা দিবস উপলক্ষে

লালকেল্লা থেকে জাতির উদ্দেশ্যে ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী বলেন যে সরকার রাষ্ট্র প্রথম নীতির অধীনে বিকাশের জন্য সংস্কার সাধন করেছে । প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ সেমিকনডাক্টর বা অর্ধপরিবাহী উৎপাদনের ক্ষেত্রে সমগ্র বিশ্বে নেতৃত্ব প্রদানে ভারতের প্রতিশ্রুতিবদ্ধার কথা উল্লেখ করে বলেন যে দেশে অর্ধপরিবাহী সামগ্রীর ক্ষেত্রে আমদানীর উপর নির্ভরশীলতা হ্রাস করার লক্ষ্য নির্ধারণ করা সহ প্রযুক্তিগত লভ্যতা উন্নত করার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করেছেন । তিনি নির্মাণ , গেমিং ও ডিজাইনিং সহ প্রায় সব ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে ভারতকে বিশ্ব নেতৃত্বের জন্য গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করেছেন ।প্রধানমন্ত্রী তার ভাষনে প্রাচীন নালন্দা বিশ্ববিদ্যালয়কে পুনুরুজ্জীবিত করে তোলার বিষয়ে আলোকপাত করে বলেন যে উচ্চ শিক্ষা ও গবেষণার কেন্দ্র হিসেবে দেশকে সমগ্র বিশ্বে শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তোলার উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হবে । প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের যুবসম্প্রদায়কে প্রশিক্ষণ দেওয়ার জন্য সরকারের গ্রহণ করা উদ্যোগগুলির বিষয় তুলে ধরেছেন যার মাধ্যমে দেশ বিশ্বে দক্ষতা কেন্দ্র হয়ে উঠতে পারে ।

---

দেশের বিভিন্ন প্রান্তের সংগে আসামে ও ব্যাপক উৎসাহ উদ্দীপনায় আজ ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গৌহাটীর খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত কেন্দ্রীয় কার্যসূচীতে জাতীয় পতাকা উত্তোলন করে তার ভাষনে বলেন যে দেশের ৫ টি দ্রুত গতিতে বিকশিত

হোয়া রাজ্যের মধ্যে আসাম অন্যতম । দীর্ঘস্থায়ী বিকাশের লক্ষে উপনীত হোয়ার ক্ষেত্রে আসাম এখন প্রথমসারির রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে তিনি বলেন । ভাষনের শুরুতে মুখ্যমন্ত্রী দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া শহীদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছেন ।ভাষনে মুখ্যমন্ত্রী বিগত ১০ বছরে রাজ্যের ৮০ লক্ষের ও অধিক  লোক দারিদ্রতা থেকে মুক্তি পেয়েছে এবং ২০৪৭ সালের মধ্যে আসাম একটি পূর্ন বিকশিত রাজ্যে পরিণত হবে বলে প্রকাশ করেন ।

---

উত্তর-পূর্বাঞ্চলের সব কটি রাজ্যে যথাযোগ্য মর্যাদায় ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে । ত্রিপুরার আগরতলার আসাম রাইফেল গ্রাউন্ডে স্বাধীনতা দিবসের রাজ্যস্তরের কার্যসূচীতে অংশগ্রহণ করে মূখ্যমন্ত্রী মাণিক সাহা জাতিয় পতাকা উত্তোলন করেন এবং প্যারেড পরিদর্শন করে সমবেত কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন।
পার্শ্ববর্তী রাজ্য অরুণচল প্রদেশের ইটানগরের ইন্দিরা গান্ধী পার্কে আয়োজিত মূল কার্যসূচীতে মূখ্যমন্ত্রী পেমা খান্ডু জাতীয় পতাকা উত্তোলন করেন । জনসাধারণকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে মূখ্যমন্ত্রী ২০৪৭ সালের পূর্বে বিকশিত অরুণাচল গড়ে তোলার জন্য সহযোগীতা করার আহ্বান জানান ।
মণিপুরে মূখ্যমন্ত্রী এন বীরেন সিং স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করে ভাষণ প্রসঙ্গে রাজ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য সরকার বদ্ধপরিকর বলে উল্লেখ করেন । তিনি বলেন যে রাজ্যে ৩৪ টি স্বীকৃতীপ্রাপ্ত জনজাতি রয়েছে এবং সকলকে ঐক্যবদ্ধ ও শক্তিশালী ভারতের অংশীদার হতে হবে ।
মেঘালয়েও আজ স্বাধীনতা দিবসের কার্যসূচী গ্রহণ করা হয় । শিলংয়ের পোলো গ্রাউন্ডে আয়োজিত কেন্দ্রীয় কার্যসূচীতে মূখ্যমন্ত্রী কনরাড সাংমা জাতীয় পতাকা উত্তোলন করেন । নিজের ভাষণে শ্রী সাংমা ২০৩২ সালের মধ্যে মেঘালয়ে

বহনক্ষম উন্নয়নের লক্ষ্যে উপনীত করা সহ মোট ঘরোয়া উৎপাদন এবং মাতা পিছু আয় বৃদ্ধির ক্ষেত্রে দেশের শীর্ষ ১০ টি রাজ্যের অন্যতম হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতির কথা স্মরণ করেন । উত্তর-পূর্বের অন্যান্য রাজ্যেও আজ উৎসাহ উদ্দীপনায় ৭৮ তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।

---

ডিমা হাসাও জেলায়ও আজ উৎসাহ উদ্দিপনার মধ্যদিয়ে ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষ্য আজ হাফলং জেলা ক্রীড়া সংস্থার এন এল দাওয়লাগুপু খেলার মাঠে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তলন করেন ডিমা হাসাও স্বায়ত্ব শাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা । অনুরূপ কার্যসূচির মধ্য দিয়ে আজ পরিষদের মাইবাং সদর এলাকায়ও আজ স্বাধীনতা দিবসের বিশেষ কার্যসূচি গ্রহণ করা হয় । এছাড়াও ডিমাহাসাও জেলার প্রত্যেকটি এলাকায় আজ যথাযোগ্য মর্যাদায় ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে বলে আমাদের হাফলং সংবাদদাতা জানিয়েছেন ।

---

বরাক উপত্যকাও আজ যথাযোগ্য মর্যাদা আনন্দ এবং উৎসাহের মধ্য দিয়ে ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষ্যে শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে আজ জাতীয় পতাকা উত্তলন করেন রাজ্যের শক্তি , ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের মন্ত্রী শ্রীমতী নন্দিতা গারলোসা । পতাকা উত্তলন করে শ্রীমতী গারলোসা বলেন যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের বিশেষ করে কাছাড় জেলার আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । প্রসঙ্গত তিনি বলেন যে প্রধানমন্ত্রী কৃষি সম্মান নিধির অধীনে কাছাড় জেলায় গত ১৮ জুন ৫৯ হাজার ৫শো ১১ জন কৃষকের

মধ্যে ১১ কোটির অধিক অর্থ হস্তান্তর করা হয়েছে যা একটি অন্যতম স্মরণীয় ঘটনা । এ ছাড়াও ২৬ হাজার ৭শো ৪৪টি আবেদন বর্তমানে বিবেচনাধীন রয়েছে বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে সাম্প্রতিক বন্যায় কাছাড় জেলার বিভিন্ন এলাকা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং কাছাড়ের জেলা প্রশাসন এবং কৃষি বিভাগ যৌথভাবে ক্ষতিগ্রস্থ কৃষকদের চিহ্নীত করতে কঠোর পরিশ্রমের করছে । জেলার ৩৮ হাজার বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষককে খুব শীঘ্রই সরকার আর্থিক সহায়তা প্রদান করবে বলেও শ্রীমতী গারলোসা নিশ্চয়তা প্রদান করেছেন ।

একইসঙ্গে তিনি কৃষি ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি করে উৎপাদন বৃদ্ধি করতে কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে এটা অত্যন্ত আনন্দের বিষয় যে গত ১৩ই জুলাই শিলচরের শদরঘাটে Soil Testing, Quality productivity,Control and input Testing Laboratory-র উদ্বোধন করা হয়েছে । ফলে এই অঞ্চলের মটির গভগত মান পরীক্ষা অত্যন্ত সহজ হবে এবং কৃষি উৎপাদনে এই পরীক্ষাগার বিশেষভাবে সহায়ক হবে । মন্ত্রী আরো বলেন যে কৃষকদের উন্নয়নে এবং বিশাষ করে কৃষি আধুনিকিকরণে রাজ্য সরকার ইতিমধ্যেই কাছাড় জেলায় ৮৫ হাজার টাকার রেহাই মূল্যে পাওয়ার টিলার , ১ লক্ষ ২৫ হাজার টাকার রেহাই মূল্যে রাইস মিল স্থাপন , ৯০ শতাংশ রেহাই মূল্যে ৬টি সহাজ যৌথ কৃষি যন্ত্রপাতি বিতরণ করা কার্যসূচি প্রমান করে যে কৃষকদের সার্বিক বিকাশে সরকার প্রতিশ্রুতিবদ্ধ । এছাড়াও বর্তমানে রাজ্য সরকার কাছাড় জেলায় ৮৫ শতাংশ রেহাই মূল্যে কৃষকদের মধ্যে কৃষি সামগ্রী বিতরণ কার্যসূচি আরম্ভ করেছে এবং এই কার্যসূচি সফল হলে কৃষি ক্ষেত্রে সেচ ব্যবস্থার আমূল পরিবর্তন হবে বলেও শক্তিমন্ত্রী উল্লেখ করেন ।

তিনি কাছাড় জেলার জেলা শিল্প ও বাণিজ্য বিভাগ , পরিবহন বিভাগ ইত্যাদির গৃহিত কাজের ভূয়সি প্রশংসা করেন ।

---

করিমগঞ্জ জেলায় স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান সরকারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে ।সকাল ৯ টায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব জাতীয় পতাকা উত্তোল করেন । এরপর তিনি পুলিশ বাহীনির অভিবাদন গ্রহণ করেন ।জাতীয় পতাকা উত্তোলনের পর জেলাবাসীর উদ্দেশ্যে তার ভাষনে আয়ুক্ত দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া স্বাধীনতা সংগ্রামীদের স্মরণ করেন ।আয়ুক্ত তার ভাষনে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের খতিয়ান তুলে ধরেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ সবকা বিকাশ মন্ত্রের মাধ্যমে দেশ উন্নয়নের দিকে এগিয়ে চলেছে ।এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মৎস্য পালন , কৃষি ক্ষেত্র , বন সংরক্ষণ , ক্রীড়া ও যুব ব্যায়াম ইত্যাদি ক্ষেত্রে কৃতি ব্যাক্তিদের পুরস্কার প্রদান করা হয় ।অনুষ্ঠানে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ সহ জেলা বিজেপির সভাপতি সুব্রত ভট্টাচার্য , জেলা কংগ্রস সভাপতি রজৎ চক্রবর্তী  সহ জেলা প্রশাসনের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় ও আজ উৎসাহ উদ্দীপনায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে ।হাইলাকান্দি জেলার স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান এবার নেতাজী সুভাষচন্দ্র বসু ষ্টেডিয়ামে অনুষ্ঠিত হয় ।সকাল ৯ টায় জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম জাতীয় পতাকা উত্তোলন করেন ।পতাকা উত্তোলন করে শ্রী হিভারে জেলাবাসীর উদ্দেশ্যে ভাষনে  কেন্দ্র ও রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতির

খতিয়ান তুলে ধরেন । তিনি কৃষি , স্বাস্থ্য পরিবার কল্যাণ , জলজীবন মিশন ইত্যাদি প্রকল্পের অধীনে হাইলাকান্দি জেলা গত এক বছরে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে বলে জানান ।এরপর জেলা আয়ুক্ত , পুলিশ , হোমগার্ড , এন সি সি , স্কুল কলেজের ছাত্রীর প্রদর্শন করা মোট ২০ টি দলের কুচ কায়াজের অভিনন্দন গ্রহণ করেন ।এদিকে স্বাধীনতা দিবসকে কেন্দ্র করে সাংস্কৃতিক অনুষ্ঠান সহ বিভিন্ন প্রতিযোগীতা জেলায় অনুষ্ঠিত হয় । কেন্দ্রীয় অনুষ্ঠান ছাড়া ও হাইলাকান্দির বিভিন্ন চক্র , পঞ্চায়েত স্তরে উৎসাহ উদ্দীপনায় আজ স্বাধিনতা দিবস পালন করা হয়েছে ।

---

রাধামাধব কলেজেও আজ স্বাধীনতা দিবস উদযাপন করা হয় । আজ সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন অধ্যক্ষ ড:দেবাশিষ রায় ।পরে হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচীর অধীনে শিক্ষার্থীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

শিলচরের এভারগ্রিণ ক্লাব তথা এন জি ও আজ যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করেছে । ক্লাব প্রাঙ্গণে আজ সকালে পতাকা উত্তোলন করেন ক্লাবের সভাপতি সুবিমল দাস । এদিকে আগামী রবিবার সকাল ১০ টায় এই ক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে বলে এক প্রেস বার্তায় জানানো হয়েছে ।

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্র পি এন বি আর সে টি কাছাড় আজ ৭৮ তম স্বাধীনতা দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করেছে । আজ সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন পি এন বি আর

সে টি কাছাড় শিলচরের সঞ্চালক জগৎজ্যোতি ভট্টাচার্য । এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিলো  স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে চকলেট বিস্কুট ইত্যাদি বিতরণ ,সংক্ষিপ্ত আলোচনা সভা ইত্যাদি ।

---

২০০৪ সালে ধেমাজি বিস্ফোরণে নিহত শহীদদের স্মরণে আগামীকাল হাইলাকান্দিতেও শোক দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে জেলার সরকারি কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শান্তি সম্প্রীতির স্বপক্ষে এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে শপথগ্রহণ করা হবে । হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে জারি করা এক আদেশে জেলার সব সরকারি কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সমবেত শপথ পালনের নির্দেশ দেওয়া হয়েছে ।